গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ
রাজস্ব (এস এ) শাখা
www.jhenaidah.gov.bd

স্মারক নং- ০৫.৪৪.৪৪০০.০০০.০০৮.১৫.০০২২.২৫. ১৪৪

তারিখ: ১৯ চৈত্র ১৪৩২ / ০২ এপ্রিল ২০২৬

## ভূমিসেবা সহায়তা কেন্দ্র স্থাপনের অনুমতি প্রাপ্তির আবেদন দাখিলের জন্য বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়ের ডিজিটাইজেশন, নলেজ ম্যানেজমেন্ট ও পারফরমেন্স (ডিকেএমপি) অনুবিভাগ, ঢাকা এর ০৫ মার্চ ২০২৬ তারিখের ৩১.০০.০০০০.০৫৭.১১.১৪০.২৩-১২২ নম্বর স্মারক ও "ভূমি সেবা সহায়তা নির্দেশিকা, ২০২৫" অনুযায়ী নিম্নবর্ণিত যোগ্যতা সম্পন্ন ব্যক্তি ও ব্যবসায়ী প্রতিষ্ঠানের নিকট হতে নাগরিকদের জনবান্ধব ভূমিসেবা সহায়তা প্রদানে অনুমতিপত্র পাওয়ার জন্য আগ্রহী ব্যক্তিদের নিকট হতে নির্দিষ্ট ফরমে আবেদন আহবান করা যাচ্ছে। জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ-এর ওয়েবসাইট (www.jhenaidah.gov.bd) এর নোটিশ বোর্ড হতে প্রাপ্ত আবেদনপত্র ডাউনলোডপূর্বক কম্পিউটার কম্পোজকৃত আবেদনপত্র ও এর সাথে চাহিত অন্যান্য কাগজাদির পিডিএফ কপি আগামী ০৫ এপ্রিল ২০২৬ হতে ১৯ এপ্রিল ২০২৬ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে উল্লিখিত ই-মেইলে (dcjhenaidah@mopa.gov.bd) আবেদন দাখিল করা যাবে। আবেদনের সাথে নিম্নে উল্লিখিত সকল কাগজাদির সফট কপি সংযুক্তি আকারে আপলোড করতে হবে। তবে হার্ড কপিতে আবেদন দাখিল করা হলে সকল কাগজাদির ফটোকপি আবেদনের সাথে দাখিল করতে হবে।

### আবেদনকারীর যোগ্যতা:

১. ন্যূনতম কম্পিউটার/মোবাইল এপ্লিকেশন সফটওয়্যার, ইন্টারনেট ব্রাউজিং, ডেটা নিরাপত্তা বিষয়ে জ্ঞান ও অভিজ্ঞতা থাকতে হবে। তবে, কম্পিউটার সংশ্লিষ্ট বিষয়ে সরকার স্বীকৃত প্রতিষ্ঠান হতে ডিপ্লোমা বা স্নাতক ডিগ্রিধারীদের বা সরকারি অন্যান্য দপ্তরের অনুরূপ সেবাদানকারী প্রতিষ্ঠান পরিচালনাকারীদের অগ্রাধিকার দেওয়া হবে;

২. কেন্দ্রের মোট সহায়তাকারীদের ন্যূনতম এক তৃতীয়াংশ নারী হতে হবে, তবে অনুচ্ছেদ ১ এ বর্ণিত যোগ্যতাসম্পন্ন নারী সহায়তাকারী না পাওয়া গেলে এ শর্ত শিথিলযোগ্য হবে;

৩. এই নির্দেশিকার অধীনে নিজ ব্যয়ে এলএসএফসি স্থাপনের ও পরিচালনার আর্থিক ও জনবলগত সক্ষমতা থাকতে হবে;

৪. নিজস্ব ভূমি বা চুক্তিমূলে ন্যূনতম ২ বছর মেয়াদে এলএসএফসি স্থাপনের জন্য অন্যূন মোট ৮০ (আশি) বর্গফুট মেঝে সম্পন্ন স্থাপনা থাকতে হবে;

৫. কম্পিউটার/মোবাইল এপ্লিকেশন সফটওয়্যার, ইন্টারনেট ব্রাউজিং বিষয়ে জ্ঞানসম্পন্ন প্রয়োজনীয় সংখ্যক কম্পিউটার কর্মী নিয়োজিত করতে হবে এবং এ ক্ষেত্রে যোগ্যতাসম্পন্ন নারী কম্পিউটার কর্মী নিয়োগে অগ্রাধিকার দিতে হবে;

৬. সহায়তাকারী ও তার নিয়োজিত কম্পিউটার কর্মীগণ কোনভাবেই ফৌজদারি অপরাধে চার্জশিটভুক্ত বা দণ্ডপ্রাপ্ত ব্যক্তি হবেন না;

৭. সহায়তাকারীকে সকল ব্যাংকের মোবাইল ব্যাংকিং বা মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসের হিসাবভুক্ত হতে হবে;

৮. এলাকাভেদে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত হালনাগাদকৃত ট্রেড লাইসেন্স থাকতে হবে;

৯. কেন্দ্রে বিদ্যুৎ সংযোগ ও ন্যূনতম ১০ এমবিপিএস গতি সম্পন্ন ইন্টারনেট কানেক্টিভিটি এবং বিকল্প বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা থাকতে হবে;

১০. সহায়তাকারীর নিজ নামে ও নিজ এনআইডি এর আওতায় প্রয়োজনীয় সংখ্যক মোবাইল সিম থাকতে হবে;

১১. সরকার অনুমোদিত ডিজিটাল তথ্য নিরাপত্তা সংশ্লিষ্ট বিধি বিধানের অধীনে নাগরিকের উপাত্ত (data) সুরক্ষা বিষয়ে সক্ষমতা থাকতে হবে;

১২. আবেদনকারীকে আবেদনের সাথে আবেদনে বর্ণিত সকল কাগজাদি সংযুক্ত করতে হবে।

১৩. অনুমতিপত্র প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে নির্বাচিত সহায়তাকারী সংশ্লিষ্ট জেলা প্রশাসকের সাথে নির্ধারিত ফরমে একটি চুক্তিপত্র স্বাক্ষর করবেন। চুক্তি স্বাক্ষরের পূর্বে নির্বাচিত সহায়তাকারী কর্তৃক ইউনিয়ন ও উপজেলা সদরের জন্য ৫০ (পঞ্চাশ) হাজার টাকা এবং পৌর এলাকার জন্য ১ (এক) লক্ষ টাকা ফেরতযোগ্য জামানত প্রদান করতে হবে। এছাড়া অনুমতিপত্র ফি ইউনিয়ন ও উপজেলা সদর/পৌর এলাকার জন্য যথাক্রমে ০৩ (তিন) হাজার ও ০৫ (পাঁচ) হাজার টাকা।

১৪. অনুমতিপত্রের মেয়াদ কর্তৃপক্ষের স্বাক্ষরের তারিখ হতে ০২ (দুই) বছর মেয়াদি হবে। তবে, জেলা প্রশাসক মেয়াদপূর্তির পূর্বে কারণ উল্লেখ করে যে কোন সময় অনুমতিপত্র বাতিল করতে পারবেন;

১৫. ভূমি সহায়তা কেন্দ্রের অনুমতি, অনুমতিপত্রের মেয়াদ ও অবসায়ন, আবেদন বাবদ ফি ও নবায়ন বাবদ ফি, সহায়তাকারীর সেবা সহায়তা প্রদান বাবদ ফি, "ভূমিসেবা সহায়তা নির্দেশিকা, ২০২৫" অনুযায়ী প্রতিপালিত হবে। এ নির্দেশিকা পরিপন্থী কোন কাজ করার কারণে অনুমতিপত্র বাতিল হলে জামানত বাজেয়াপ্ত হবে।

১৬. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে ভূমিসেবা সহায়তা কেন্দ্র স্থাপনের কার্যক্রম বাতিল/স্থগিত করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২।৪।২৬

এ.বি.এম. খালিদ হোসেন সিদ্দিকী
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)
ঝিনাইদহ
☎: ০২৪৭৭৭৪৬৯৩৬
adcrjhenaidah@gmail.com

স্মারক নং- ০৫.৪৪.৪৪০০.০০৮.১৫.০২২.২৬. ১৪৪ (১৮)

তারিখ: ১৯ চৈত্র ১৪৩২ / ০২ এপ্রিল ২০২৬

**সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ভূমি ভবন, তেজগাঁও, ঢাকা;
৩. বিভাগীয় কমিশনার, খুলনা;
৪. উপপরিচালক, স্থানীয় সরকার, ঝিনাইদহ;
৫. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব/সার্বিক/শিক্ষা ও আইসিটি) ও অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ঝিনাইদহ;
৬. উপজেলা নির্বাহী অফিসার (সকল), ঝিনাইদহ (বিজ্ঞপ্তি ও আবেদন ফরম ওয়েব পোর্টাল ও সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রকাশের জন্য তাকে অনুরোধ করা হলো);
৭. সহকারী কমিশনার (ভূমি) (সকল), ঝিনাইদহ;
৮. জেলা তথ্য অফিসার, ঝিনাইদহ (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
৯. সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ (বিজ্ঞপ্তি ও আবেদন ফরম ওয়েব পোর্টাল ও সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রকাশের জন্য তাকে অনুরোধ করা হলো);
১০. অফিস কপি।

২।৪।২৬

অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)
ঝিনাইদহ